# তিন জেলার ডিসিকে প্রত্যাহার করল সরকার




সংগৃহীত ছবি

নাটোর, গাইবান্ধা ও রংপুর জেলার জেলা প্রশাসক (ডিসি) ও জেলা ম্যাজিস্ট্রেটকে দায়িত্ব থেকে সরিয়ে নেওয়া হয়েছে।

প্রত্যাহার করা কর্মকর্তারা হলেন নাটোরের ডিসি আসমা শাহীন, গাইবান্ধার ডিসি মোহাম্মদ মাসুদুর রহমান এবং রংপুরের ডিসি মোহাম্মদ রুহুল আমিন।

মঙ্গলবার (১৮ আগস্ট) জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। এতে বিসিএস প্রশাসন ক্যাডারের এই তিন কর্মকর্তাকে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেটের দায়িত্ব থেকে প্রত্যাহার করে পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে।

নতুন দায়িত্ব না দেওয়া পর্যন্ত তারা জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনেই থাকবেন।

LENS ASIA